

উপজেলা পরিষদ  
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২১- ৪৬/২

তারিখঃ ০৩/০৯/২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি সভা সমূহ আগামী ০৬/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। আইন-শৃংখলা কমিটি।
- ২। প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি।
- ৩। জন স্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি।
- ৫। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি।
- ৬। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি।
- ৭। সমাজ কল্যাণ কমিটি।
- ৮। মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি।
- ৯। পরিবেশ ও বন কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।

(মোঃ আব্দুল হাদী)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
বাগাতিপাড়া, নাটোর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসক, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

## মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভার কাযবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল হাদী, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।

স্থানঃ বড়াল সভা কক্ষ।

সভার তারিখঃ ০৯/০৯/২০২১ খ্রিঃ।

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা “ক” তে সংযুক্ত।

অধ্যকার সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর মহোদয়ের সভাপতিত্বে শুরু হয়। সভার শুরুতে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর ও উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিবকে সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, জানান যে, বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে চলছে। চাষিদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, ঋণ আদায়ের তাগাদা ও আদায় কার্যক্রমের পাশাপাশি বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর ২টি ব্যাচে মোট ৮০ জন্য মৎস্য চাষিকে বাড়ির আঙ্গিনায় হাউজে সহজ পদ্ধতিতে শিং মাছচাষ বিষয়ক সম্ভ্রমতা বৃদ্ধিমূলক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আব্দুল হাদী)

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী  
কমিটি

বাগাতিপাড়া, নাটোর।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা

ক্রমিক নং	কমিটির সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
১	উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর	সভাপতি	স্বাক্ষরিত
২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, পাঁকা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, জামনগর ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	চেয়ারম্যান, বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৬	চেয়ারম্যান, দয়ারামপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৭	চেয়ারম্যান, ফাগুয়ারদিয়ার ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৮	উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর	সদস্য সচিব	স্বাক্ষরিত